

স্মারক নং- ৫৬.০৪২.০৮৮০.৫০৪.১২.০০২.১২.৪৩১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৫  
২৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়ঃ এটুআই প্রোগ্রাম কর্তৃক গৃহীত “অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম জনগণের নানাবিধ সার্ভিসের ডিজিটাইজেশন ও গুণগত উৎকর্ষ সাধনের লক্ষ্যে বিবিধ ক্ষেত্রে কাজ করছে। জনগণের ভোগান্তি নিরসনমূলক উদ্ভাবনী উদ্যোগকে সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় অর্থায়ন করতঃ প্রতিটি প্রকল্পকে নিবিড়ভাবে পর্যবেক্ষণের মাধ্যমে বাস্তবায়ন করছে এটুআই।

০২। এরই ধারাবাহিকতায় পৌরসভা কিংবা সিটি কর্পোরেশনের কার্যালয় থেকে চারিত্রিক, বিবাহ, জাতীয়তা সনদসহ বিভিন্ন জরুরী সনদ সহজে ও দ্রুততার সহিত প্রদানের জন্য তৈরি করা হয়েছে ওয়েবভিত্তিক সিস্টেম “অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট”। মূলত এই (www.prottoyon.gov.bd) সিস্টেমের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে যেকোন জায়গা থেকে সনদের জন্য অনলাইনে আবেদন করা যাবে। সনদ অনুমোদিত হলে যেকোন জায়গায় অথবা সংশ্লিষ্ট অফিসে গিয়ে ডেলিভারি নেয়া যাবে। এছাড়া সনদের ফি অনলাইনে পরিশোধ করার ব্যবস্থাও রয়েছে।

০৩। উল্লেখ্য যে, বর্তমানে “অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট” সেবাটি লক্ষ্মীপুর জেলার রামগতি পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে চলমান রয়েছে। সিস্টেম থেকে উত্তরাধিকার সনদ, চারিত্রিক সনদ, জাতীয়তা সনদ, অবিবাহিত সনদ, পুনঃবিবাহ সনদ ও বিবিধ সনদ পাওয়া যাচ্ছে।

০৪। বর্ণিত “অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট” সিস্টেম দেশের সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভায় বাস্তবায়ন করা হলে জনগণকে সরকারি সেবা ডিজিটাল পদ্ধতিতে আরও সহজে প্রদান করা যাবে মর্মে আশা করা যায়। এমতাবস্থায় সকল সিটি কর্পোরেশন ও পৌরসভাকে উক্ত সিস্টেম স্ব স্ব প্রতিষ্ঠানে বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো। জনাব মোঃ পারভেজ হাসান (উপসচিব), লোকাল ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, (parvez.hasan@a2i.gov.bd ০১৭১২১৫১২০০) এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।




মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ  
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম  
ই-মেইল: mustafiztito@gmail.com  
ফোন: ০২-৯১৪৪৮৪৮, ৮১৫৯৮৯৬

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন।